



EIN-114185

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/টাঙ্গাইল-১৬৬/ ৭৭৫/৪

তারিখ: ১১ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: সভাপতি পদ কেন বাতিল করা হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার ঘাটাইল উপজেলাধীন পাঁচটিকড়ী দাখিল মাদ্রাসার এডহক কমিটির সভাপতি জনাব মোহাম্মদ শরিফ হোসেন-কে পরিবর্তন করে জনাব মোঃ জহিরুল ইসলাম (বাবু)কে মনোনয়ন দেয়ার জন্য মাননীয় সংসদ সদস্য ১৩২, টাঙ্গাইল-৩ একখানা ডিওপত্র প্রেরণ করেছেন। ডিওপত্র পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসার সুপার কাউকে না জানিয়ে গোপনে নিজের মত করে এডহক কমিটি গঠন করে বোর্ড হতে অনুমোদন করিয়েছেন।

বর্ণিত অবস্থায় মাননীয় সংসদ সদস্যের ডিওপত্রের ভিত্তিতে এডহক কমিটি না করে এবং প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট কাউকে না জানিয়ে এডহক কমিটি অনুমোদনের জন্য কাগজপত্র দাখিল করায় অনুমোদিত এডহক কমিটির (স্মারক নং- বামাশিবো/প্রশা/২০১২১১১৪১৮৫১/৩৬২৮৭/নথি নং-১৬৬; তারিখঃ ২৮.০২.২০২১খ্রিঃ) সভাপতি হিসাবে জনাব মোহাম্মদ শরিফ হোসেন এর পদ কেন বাতিল করা হবে না আগামী ১৫ (পনের) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপকঃ সুপার

পাঁচটিকড়ী দাখিল মাদ্রাসা, ঘাটাইল, টাঙ্গাইল

নং-বামাশিবো/প্রশাসন/টাঙ্গাইল-১৬৬/ ৭৭৫/৪

তারিখ: ১১ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, ঘাটাইল, টাঙ্গাইল;
২. জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঘাটাইল, টাঙ্গাইল;
৪. জনাব মোঃ রফিকুল ইসলাম, সভাপতি এডহক কমিটি, পাঁচটিকড়ী দাখিল মাদ্রাসা, ঘাটাইল, টাঙ্গাইল;
৫. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd